মুজিবনগরে গ্রাম আদালতের

কার্যকারিতা বৃদ্ধিতে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা

মেহেরপুরের মুজিবনগরে গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি এবং এর কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে এক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৮ জুন) উপজেলা পরিষদ হলরুমে ‘গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে স্থানীয় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন’ শীর্ষক এই কর্মশালার আয়োজন করা হয়।

‘বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প’-এর আওতায় স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে এবং উপজেলা প্রশাসন, মুজিবনগরের ব্যবস্থাপনায় এ কর্মসূচি বাস্তবায়িত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাইফুল হুদা। তিনি তাঁর বক্তব্যে গ্রামীণ জনগোষ্ঠীর দোরগোড়ায় আইনি সেবা পৌঁছে দিতে গ্রাম আদালতের গুরুত্বের ওপর বিশেষ জোর দেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “গ্রামের সাধারণ মানুষ যাতে ছোটখাটো বিরোধের জন্য জেলা আদালত বা থানায় গিয়ে দীর্ঘ সময় ও অর্থ অপচয় না করেন, সেজন্য গ্রাম আদালতকে আরও সক্রিয় করতে হবে। ‘অল্প সময়ে, স্বল্প খরচে সঠিক বিচার পেতে চলো যাই গ্রাম আদালতে’ এই স্লোগানকে কেবল ব্যানারে সীমাবদ্ধ না রেখে আমাদের বাস্তবে রূপ দিতে হবে।”

তিনি স্থানীয় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, গ্রামীণ পর্যায়ে সচেতনতা বাড়াতে পারলে গ্রাম আদালতের মাধ্যমে সাধারণ মানুষ দ্রুত ও সহজে ন্যায়বিচার পাবেন, যা সামগ্রিকভাবে বিচারব্যবস্থার ওপর

চাপ অনেকাংশেই কমিয়ে আনবে।

কর্মশালায় বক্তারা গ্রাম আদালতের কার্যকারিতা এবং এর বিভিন্ন আইনি দিক নিয়ে আলোচনা করেন। একটি কার্যকর গ্রাম আদালত গঠনে স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা এবং এনজিও কর্মীদের ভূমিকা নিয়ে বিস্তারিত কর্মপরিকল্পনা তৈরি করা হয়।

গ্রাম আদালত মেহেরপুর সদর উপজেলা সমন্বয়কারী আলমগীর কবিরের সঞ্চালনায় বক্তারা উল্লেখ করেন, গ্রাম আদালতের মাধ্যমে স্থানীয়ভাবে ছোটখাটো দেওয়ানি ও ফৌজদারি বিরোধ নিষ্পত্তি করা সম্ভব, যা গ্রামীণ সমাজে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করছে।

তবে প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষের মাঝে এখনও এই আদালতের এখতিয়ার ও সুবিধা সম্পর্কে পুরোপুরি ধারণা নেই। তাই ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে এটিকে আরও জনবান্ধব করে তোলার ওপর কর্মশালায় তাগিদ দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) গৌতম কুমার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান এবং গ্রাম আদালত মুজিবনগর উপজেলা সমন্বয়কারী শাকিলউজ্জামান।

উক্ত কর্মশালায় উপজেলার বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, সুশীল সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও) কর্মীবৃন্দ অংশ নেন।

মেহেরপুরে বায়োপেস্টিসাইড ব্যবহারে কৃষক কর্মশালা

অনুষ্ঠিত

টেকসই কৃষি, পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষায় জৈব বালাইনাশক (বায়োপেস্টিসাইড) ব্যবহারের গুরুত্ব তুলে ধরে মেহেরপুর সদর উপজেলার উত্তর শালিকা গ্রামে কৃষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ব্র্যাক সিড অ্যাণ্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে এ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো. ইমদাদুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক সিড অ্যাণ্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ, চুয়াডাঙ্গা-১ অঞ্চলের রিজিওনাল সেলস ম্যানেজার মো. আক্তারুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার ডিলার মো. ফখরুল ইসলাম।

অনুষ্ঠানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, কৃষি উদ্যোক্তা, রিটেইলার এবং প্রায় ৫৫ জন কৃষক অংশগ্রহণ করেন।

কর্মশালায় জৈব বালাইনাশকের গুরুত্ব, নিরাপদ খাদ্য উৎপাদন, সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) এবং পরিবেশবান্ধব আধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

বক্তারা বলেন, অতিরিক্ত রাসায়নিক বালাইনাশক ব্যবহারের ফলে পরিবেশ ও জনস্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। এ পরিস্থিতিতে জৈব বালাইনাশকের ব্যবহার কৃষিতে নিরাপদ ও টেকসই উৎপাদন নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

শৈলকুপায় হাইব্রিড ধানের অধিক ফলন নিশ্চিতকরণ কর্মশালা

দেশে কৃষিপ্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় দিনব্যাপী আধুনিক কলাকৌশল প্রয়োগে হাইব্রিড ধানের অধিক

ফলন নিশ্চিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২০মে) ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে আয়োজিত কর্মশালার সভাপতিত্ব করেন ব্র্যাক সিডের ডিলার সুশান্ত কুমার প্যাল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ আরিফুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কৃষিবিদ মো:কামরুল হাসান।

কর্মশালায় আমন মৌসুমে ব্র্যাক সিডের উন্নত হাইব্রিড ধানের আধুনিক চাষাবাদ পদ্ধতি ও কলাকৌশল সহ অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আঞ্চলিক ব্যবস্থাপক।

সার্বিক ভাবে সহযোগিতা করেন ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের কোটচাঁদপুরের সিনিয়র টি এস ও মো: আল-আমিন।

দিনব্যাপী এই কর্মশালায় ৬০ জন নির্বাচিত কৃষককে হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী কৃষকদের মাঝে ব্র্যাক হাইব্রিড-১০ ধানের বীজ বিতরণ করা হয়।

মুজিবনগরে হাইব্রিড ধান চাষ বিষয়ক দিনব্যাপী কর্মশালা

দেশে কৃষিপ্রযুক্তির সম্প্রসারণ ও হাইব্রিড ধানের অধিক ফলন নিশ্চিতকরণের লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগরে দিনব্যাপী আধুনিক কলাকৌশলভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন ব্র্যাক সিডের ডিলার মো. নাহারুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কৃষিবিদ মো. কামরুল হাসান।

কর্মশালায় আমন মৌসুমে ব্র্যাক সিডের উন্নত হাইব্রিড ধানের আধুনিক চাষাবাদ পদ্ধতি, রোগবালাই দমন, সঠিক সার ব্যবস্থাপনা এবং অধিক ফলন নিশ্চিতকরণে বিভিন্ন কলাকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

প্রধান অতিথি কৃষিবিদ মো. কামরুল হাসান বলেন, আধুনিক প্রযুক্তি ও উন্নত জাতের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষকরা কম খরচে বেশি ফলন পেতে পারেন। কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি পেলে দেশের খাদ্য উৎপাদন আরও বাড়বে।

দিনব্যাপী এ কর্মশালায় ৬০ জন নির্বাচিত কৃষককে হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী কৃষকদের মাঝে ব্র্যাক হাইব্রিড-১০ ধানের বীজ বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে স্টেকহোল্ডারদের কর্মশালা অনুষ্ঠিত

দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়া এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের লক্ষ্যে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উপজেলা পর্যায়ের স্টেকহোল্ডার কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৫ এপ্রিল) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

কর্মশালায় সভাপতিত্ব করেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা দিদারুল আলম। এতে বক্তব্য রাখেন হরিণাকুন্ডু উপজেলা কৃষি কর্মকর্তা শরীফ মোহাম্মদ তিতুমীর, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা: উজ্জল কুমার কুন্ডু, উপজেলা সমবায় কর্মকর্তা ফরহাদ হোসেন, এসডিএফ’র জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান, জেলা কর্মকর্তা

(লাইভলিহুড) মাহাবুবুর রহমান, জেলা কর্মকর্তা সুলতানা বুলবুলি এবং জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রানীসহ অন্যান্যরা।

বক্তারা বলেন, দেশের আর্থসামাজিক উন্নয়নে অর্থ মন্ত্রণালয় এসডিএফ’র মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে উপজেলার সুবিধাভোগীদের আরও কার্যকর সেবা নিশ্চিত করতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

কর্মশালায় অংশগ্রহণকারী অংশীজনরা সুবিধাভোগীদের মাঝে সেবা কার্যক্রম আরও বিস্তৃত ও কার্যকর করার আশ্বাস দেন।

ঝিনাইদহে হজযাত্রীদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পবিত্র হজব্রত পালন উপলক্ষে ঝিনাইদহে হজযাত্রীদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে নাজাত হজ কাফেলার উদ্যোগে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

এতে প্রশিক্ষণ প্রদাণ করেন ভুটিয়ারগাতি কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আবু বকর সিদ্দিক, এ এইচ বি ট্রাভেলস-এর চেয়ারম্যান হারুন অর রশিদসহ অন্যান্যরা।

প্রশিক্ষণ কর্মশালায় ৪৪ জন হজযাত্রীর হজের তাৎপর্য, ইবাদতের সঠিক পদ্ধতি এবং সৌদি আরবে অবস্থানকালীন বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দেন।

আয়োজকরা জানান, হজযাত্রীরা যেন সঠিকভাবে ও নির্বিঘ্নে হজ পালন করতে পারেন, সে লক্ষ্যেই এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন। এছাড়াও কর্মশালায় হজযাত্রীদের মাঝে ব্যাগ, ছাতাসহ উপকরণ বিতরণ করা হয়।

মেহেরপুরে মোটর শ্রমিক ড্রাইভারদের প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে মোটর শ্রমিক ড্রাইভারদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। জেলা পুলিশ, ট্রাফিক বিভাগের আয়োজনে আজ শনিবার সকালে মোটর শ্রমিক ড্রাইভারদের প্রশিক্ষণ কর্মশালায়

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার মহোদয় ২০১৮ সালের সড়ক পরিবহন আইন যথাযথভাবে অনুসরণ করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি সড়ক ও মহাসড়কে যানবাহন চালানোর সময় সতর্কতা, শৃঙ্খলা ও দায়িত্বশীলতার সঙ্গে গাড়ি পরিচালনার জন্য ড্রাইভারদের প্রতি আহ্বান জানান। দুর্ঘটনা রোধে ট্রাফিক আইন মেনে চলার বিকল্প নেই বলেও তিনি উল্লেখ করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন টিআই (প্রশাসন) আব্দুল হান্নানসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং মেহেরপুর জেলার বিভিন্ন পরিবহন খাতের মোটর শ্রমিক ড্রাইভারগণ।

কর্মশালায় ড্রাইভারদের নিরাপদ ড্রাইভিং, ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা এবং যাত্রীসেবায় পেশাদারিত্ব বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।

মেহেরপুরে গ্রাম আদালত সচেতনতা বৃদ্ধিতে দিনব্যাপী কর্মশালা

মেহেরপুরে গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার জেলা প্রশাসকের মিনি সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করা হয়।

বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ তৃতীয় পর্যায় প্রকল্পের আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির।

তিনি বলেন, গ্রাম আদালত হচ্ছে গ্রামীণ পর্যায়ের মানুষের কাছে ন্যায়বিচার পৌঁছে দেওয়ার অন্যতম মাধ্যম। তাই এই আদালতকে আরও শক্তিশালী ও জনবান্ধব করতে সংশ্লিষ্ট সবার সম্মিলিত উদ্যোগ অত্যন্ত জরুরি।

জেলা প্রশাসনের আয়োজনে সঞ্চালনা করেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ভারপ্রাপ্ত) পার্থ প্রতিম শীল। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের জেলা ম্যানেজার মো. আছাদুজ্জামান।

এছাড়াও মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি মোজাম্মেল আজম ও সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক মো. আসাদুজ্জামান, ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (ভারপ্রাপ্ত) নাসিমা খাতুন, সদর উপজেলার সমন্বয়কারী আলমগীর কবির প্রমুখ উপস্থিত ছিলেন। এ ছাড়া সিডিপি’র প্রজেক্ট ডিরেক্টর জন প্রবঞ্জন বিশ্বাসসহ জেলা পর্যায়ের বিভিন্ন এনজিও প্রতিনিধি ও সাংবাদিকরাও কর্মশালায় অংশ নেন।

কর্মশালায় গ্রাম আদালতের কার্যক্রম আরও সক্রিয় করা, সেবা

গ্রহীতাদের সচেতনতা বৃদ্ধি, তথ্য প্রচার জোরদারসহ বিভিন্ন সুপারিশ উপস্থাপন করা হয়। সংশ্লিষ্টরা আশা করছেন, স্থানীয় পর্যায়ে ন্যায়বিচার নিশ্চিত করতে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জীবননগর যুবদল ও ছাত্রদলের নির্বাচনী কর্মশালা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গার জীবননগরে যুবদল ও ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়। পরে দুপুর সাড়ে ১২টার দিকে যুবদলের কর্মশালা শুরু হয়। এই কর্মশালা চলে বেলা দেড়টা পর্যন্ত। মনোহরপুর স্কুল মাঠে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে নির্বাচনী প্রশিক্ষণ দেন বিজিএমইএর সভাপতি, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা- ২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু। এ সময় তিনি ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, টিম অনুযায়ী কাজ করতে হবে; বিশৃঙ্খলা করা যাবে না; কোনো প্রশ্নের উত্তর না জানলে নিজের মতো করে উত্তর দেওয়া যাবে না।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, জীবননগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান খোকন, সাধারণ সম্পাদক শাহজাহান আলী এবং সিনিয়র সহসভাপতি আবুল কালাম আজাদ।

ছাত্রদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক জিল্লুর রহমান, সদস্যসচিব মো. মোকছেদুর রহমান রিমন, যুগ্ম আহ্বায়ক গোলাম রব্বানী, জীবননগর ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি রিংকু এবং সাধারণ সম্পাদক ফরহাদ।

এদিকে যুবদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা যুবদলের আহ্বায়ক মঈন উদ্দীন ময়েন, পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী, উপজেলা যুবদলের সদস্যসচিব কামরুল ইসলাম, পৌর যুবদলের সদস্যসচিব মো. মনির হোসেন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. সাইফুল ইসলাম, মো. মিনাজুল ইসলাম, মো. সাইদুর রহমান রানা, সরোয়ার হোসেন, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. আনার হোসেন, মো. জহিরুল ইসলাম মিঠু, মো. আজমত আলী, মো. আব্দুল আলীম এবং মো. মতিয়ার রহমান।

ঝিনাইদহে যুব দক্ষতা উন্নয়ন বিষয়ক স্টেকহোল্ডার কর্মশালা

ঝিনাইদহে যুব দক্ষতা উন্নয়ন বিষয়ক স্টেকহোল্ডার কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩ ডিসেম্বর) সকালে জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলনে কক্ষে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

এতে জেলার সদর, শৈলকুপা ও হরিণাকুন্ডু উপজেলার ৪০ জন স্টেকহোল্ডার অংশ নেয়। কর্মশালায় বক্তারা, আয়বৃদ্ধিমুলক কর্মকান্ডের মাধ্যমে জেলার দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এসডিএফ’র কর্মকান্ড বিষয়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে জনগোষ্ঠীর সেবা প্রাপ্তিতে সহযোগিতা করার আহবান জানান।

অনুষ্ঠানে ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্র নাথ রায়, এসডিএফ’র যশোর অঞ্চলের আঞ্চলিক পরিচালক কামাল বাশার, জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসানসহ সরকারি বিভিন্ন দপ্তরের প্রধানরা অংশ নেয়।